দৈনিক
ইত্তেফাক

তারিখ . 14 . AUG . 2016
পৃ. 6 কলাম ২

# কলেজ জাতীয়করণের আবেদন

বিশিষ্ট শিক্ষাবিদ মো. আবদুল মজিদ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন নদীবন্দর রামচন্দ্রপুরে নিজস্ব অর্থায়নে ১৯৯৫ সালে অধ্যাপক আবদুল মজিদ কলেজ প্রতিষ্ঠা করেন। ১৯৯৭ সালে এইচএসসি পরীক্ষায় এ কলেজের ৭ জন, ১৯৯৮ সালে ৯ জন, ১৯৯৯ সালে ১৯ জন, ২০০০ সালে ২৪ জন, ২০০১ সালে ১৮ জন, ২০০২ সালে ১৫ জনসহ সর্বমোট ৯২ জন শিক্ষার্থী কুমিল্লা শিক্ষবোর্ডের সম্মিলিত মেধা তালিকায় স্থান পায়। কলেজটিতে প্রতিষ্ঠাতা পাঁচ একর জমি দান করেছেন। বর্তমানে স্নাতকসহ মোট ১৬৪১ জন শিক্ষার্থী অধ্যয়ন করছে। এমপিও-নন এমপিও ৫০ জন শিক্ষক-কর্মচারী কর্মরত আছেন। গত জুন মাসে দেশের ১৯৯ টি কলেজ জাতীয়করণের ঘোষণা হলেও এ কলেজটির নাম ঐ তালিকায় নেই। অথচ একাধিক জাতীয় পত্রিকায় 'গ্রাম দিয়ে শহর আলোকিত করছে অধ্যাপক আবদুল মজিদ কলেজ', 'গরিবদের নটরডেম' ইত্যাদি শিরোনামে আসা এ কলেজটি শিক্ষাক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। কলেজটি জাতীয়করণ করলে মুরাদনগর, হোমনা, বাঞ্ছারামপুর ও নবীনগর উপজেলার প্রায় দুই লাখসহ দেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত শিক্ষার্থীরা উপকৃত হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**মো. আবু হানিফ ভূইয়া,**
প্রভাষক, রসায়ন, অধ্যাপক আবদুল মজিদ কলেজ,
রামচন্দ্রপুর, মুরাদনগর, কুমিল্লা